

জানুয়ারি/২০২২ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ পরিবেশ ও বন বিভাগ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
সভার তারিখ : ১১/০১/২০২২ খ্রি. বিকাল ১১.০০ ঘটিকায়
সভাপতি : মোঃ শরিফুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।
উপস্থিতি তালিকা : পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:


১. আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ পরিবেশ ও বন বিভাগ বিষয়ক কমিটি সভাকরণ

সিদ্ধান্ত : প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ পরিবেশ ও বন বিভাগ বিষয়ক কমিটির সভা আহ্বান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়ের কার্যালয়ে প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

২. আলোচনা : নীতিমালার আলোকে গাছ বিক্রয়

সিদ্ধান্ত : বন বিভাগের আওতাধীন বিভিন্ন ইউনিয়নের সে সকল গাছ টেন্ডারের মাধ্যমে বিক্রয় করা হচ্ছে তা সরকারের রাজস্ব ফাঁকি দিয়ে গোপনে বিক্রয় করা হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়। এ সংক্রান্ত অনিয়ম প্রতিরোধ ও সরকারের রাজস্ব যথাযথভাবে জমা প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সভাপতি


উপজেলা পরিষদ পরিবেশ ও
বন বিভাগ বিষয়ক
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং-

তারিখ : ১১/০১/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. অফিস কপি।


সদস্য সচিব

উপজেলা পরিষদ পরিবেশ ও
বন বিভাগ বিষয়ক
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।